বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

দৈনিক ইত্তেফাক

তারিখ 16 JUN 1989
পৃষ্ঠা 1 কলাম 4

## সকল প্রবণতা প্রতিহত করিতে হইবে

—শিক্ষামন্ত্রী

ঝালকাঠি সংবাদদাতার টেলিফোন, শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম গতকাল (শনিবার) ঝালকাঠি শহর ও শহরতলী এলাকায় সাতটি শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শনকালে শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, আমাদের বিশ্বের সামনে (২য় পৃঃ দ্রঃ)

## শিক্ষামন্ত্রী

( ১ম পৃঃ পর )

একটি মর্যাদাশীল জাতি হিসাবে প্রতিষ্ঠা লাভ করিতে হইবে। তিনি বলেন, পরীক্ষায় নকল প্রবণতা সামাজিক ব্যাধির রূপ নিয়াছে। জাতির ভবিষ্যৎ নাগরিকদের শিক্ষিত করিয়া তোলার প্রয়োজনে এই নকল প্রবণতাকে যেকোন মূল্যে প্রতিহত করিতে হইবে। শিক্ষার্থী-শিক্ষক-অভিভাবক সহ সকলকেই এব্যাপারে কার্যকর ভূমিকা নিতে হইবে।

তিনি বলেন, বর্তমান সরকার নারী শিক্ষার ক্ষেত্রে বিশেষ গুরুত্ব দিয়াছেন। আগামী অর্থবছর হইতে দেশে যত শিক্ষক নিয়োগ করা হইবে তাহার ৬০ শতাংশ মহিলাদের জন্য সংরক্ষিত রাখা হইবে। শিক্ষামন্ত্রী ঘোষণা করেন, আগামী ৯০-৯১ শিক্ষাবর্ষ হইতে ঝালকাঠি সরকারী ডিগ্রী কলেজে বিএসসি কোর্স চালু করা হইবে। শিক্ষামন্ত্রীর সঙ্গে ছিলেন ঝালকাঠি জেলা পরিষদের চেয়ারম্যান জুলফিকার আলী ভুট্টো এমপি, জেলা প্রশাসক নির্মলচন্দ্র সরকার ও ঝালকাঠি পৌরসভার চেয়ারম্যান আবদুল হালিম গাজী। বিকালে মন্ত্রী রাজাপুর উপজেলায় নিজামিয়া মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণে এক ছাত্র-জনতা সমাবেশে বক্তৃতা করেন।